

কুড়িগ্রামে বিজ্ঞান শিক্ষার উন্নয়নে কর্মশালা

প্রতিনিধি, কুড়িগ্রাম প্রতিনিধি

‘স্কুল হোক বিজ্ঞান শিক্ষার আনন্দময় কর্মকাণ্ডের কেন্দ্র বিন্দু’ এই প্রতিপাদ্যকে ঘিরে মাধ্যমিক বিদ্যালয়ে বিজ্ঞান শিক্ষার মান উন্নয়নে জেলা পর্যায়ে সেমিনার অনুষ্ঠিত হয়েছে। গতকাল সোমবার সকালে কুড়িগ্রাম সদর উপজেলা হলরুমে অনুষ্ঠিত সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার ডব শঙ্কর রায়। সদর উপজেলা নির্বাহী অফিসার আমিনুল ইসলামের সভাপতিত্বে আলোচনা সভায় বক্তব্য রাখেন সদর উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার আজিজার রহমান, অধ্যক্ষ রাশেদুল্লাহমান বাবু, অধ্যক্ষ হারুন-উর-রশিদ, বেসরকারি এনজিও এএফএডি-র নির্বাহী পরিচালক সাঈদা ইয়াসমিন রুপা প্রমুখ।

দিনব্যাপী সেমিনারে জেলা থেকে মাধ্যমিক বিদ্যালয়ের ৩০টি স্কুলের প্রধান ও সহকারী শিক্ষকগণ অংশ নেন। আলোচকরা জানান, বর্তমান সরকার ডিজিটাল বাংলাদেশ গড়তে শিক্ষার উপর বিশেষ গুরুত্ব দিয়েছেন। শিক্ষার্থীদের আধুনিক কারিগরি বিষয়ে সমৃদ্ধ করতে প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে ল্যাপটপসহ প্রয়োজনীয় শিক্ষা উপকরণ প্রদান করা হয়েছে। যাতে শিক্ষার্থীরা সঠিকভাবে পাঠদান করে ডিজিটাল বাংলাদেশ গড়ার ব্যাপারে উন্নত বিধে নিজেদের উপযোগী করে গড়ে তুলতে পারে। বাংলাদেশ ফ্রিডম ফাউন্ডেশনের (বিএফএফ) আর্থিক সহযোগিতায় এএফএডি-র আয়োজনে দিনব্যাপী এই সেমিনার অনুষ্ঠিত হয়।